ঝিনাইদহে আন্তঃ উপজেলা ভলিবল টুর্নামেন্টে হরিণাকুণ্ডু উপজেলা চ্যাম্পিয়ন

মুজিব শতবর্ষ উপলক্ষে ঝিনাইদহ জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত আন্তঃউপজেলা ভলিবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় হরিণাকুণ্ডু উপজেলা চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জণ করেছে।
গতকাল রবিবার বিকাল ৩টায় বীরশ্রেষ্ট হামিদুর রহমান স্টেডিয়ামে এ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

প্রতিদ্বন্দ¦◌ীতাপূর্ণ এ খেলায় কালীগঞ্জ উপজেলাকে হরিণাকুণ্ডু উপজেলা ৩-২ সেটে পরাজিত করে।

বিজয়ী এবং বিজিত দলের মধ্যে ট্◌্রফি বিতরণ করেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এছাড়া জাহেদী ফাউন্ডেশনের পক্ষ থেকে উভয় দলকে ২০হাজার টাকা করে প্রাইজমানি এবং খেলা পরিচালনায় অংশগ্রহনকারী সকলের মাঝে উপহার সামগ্রী তুলে দেন কাইয়ুম শাহরিয়ার হিজল।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহের পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, ঝিনাইদহ জেলা পরিষদ চেয়ারম্যান কনক কান্তি দাস, হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন,ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার বদরুদ্দোজা শুভ, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, হরিণাকুণ্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা,

ঝিনাইদহ সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশেদুল ইসলাম রাসেল, কালীগঞ্জ উপজেলার ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান, শিক্ষক ও ক্রীড়ানুরাগী সূধী এবং দর্শকবৃন্দ। এ টুর্নামেন্ট গত ২৯নভেম্বর শুরু হয়ে গতকাল রবিবার শেষ হয়েছে।

ঝিনাইদহে পরিবার কল্যাণ সেবা সপ্তাহের উদ্বোধন

‘করোনাকালে অনাকাঙ্খিত গর্ভধারণ রোধ করি, স্বাস্থ্য বিধি মেনে পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ করি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

রোববার সকালে শহরের মা ও শিশু কল্যাণ কেন্দ্রে এ সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়। পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা: জাহিদ আহম্মেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা: সেলিনা বেগম, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের সহকারী পরিচালক নাশিরা খাতুন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সিনিয়র সাংবাদিক এনটিভি ও দৈনিক যুগান্তর পত্রিকার স্টাফ রিপোর্টার মিজানুর রহমান, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলুফার রহমান, জেলা নির্বাচন অফিসার রোকনুজ্জামান। অনুষ্ঠান পরিচালনা করেন মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা: শহিদুর রহমান।

জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা: জাহিদ আহম্মেদ জানান, ৩ দিন ব্যাপী এ সেবা সপ্তাহ উপলক্ষে জেলার বিভিন্ন স্থানে পরিবার পরিকল্পনা বিভাগের সেবা প্রদাণ করা হবে। এছাড়াও সেবা সম্পর্কে প্রচারণা চালানো হবে

ঝিনাইদহে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

কুষ্টিয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা ছাত্রলীগের আয়োজনে রোববার সকালে সরকারি কেসি কলেজ চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। পরে পোস্ট অফিস মোড়ে সংক্ষিপ্ত সমাবেশে অনুষ্ঠিত হয়।

জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ এর সভাপতিত্বে এসময় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, প্রচার সম্পাদক মঞ্জুর পারভেজ তুষার, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল, কেসি কলেজ ছাত্রলীগের সভাপতি রেজওয়ানুল হক রিপন, পৌর ছাত্রলীগের সভাপতি খায়রুল ইসলাম টিটন, সিটি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফারুক হোসেন।

বক্তারা, কুষ্টিয়ায় নির্মাণাধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভাস্কর্য ভাংচুরের সাথে জড়িত ও এই ইন্ধনদাতাদের গ্রেফতারের দাবি জানান। সেই সাথে ভাস্কর্য বিরোধিতাকারীদের বিরুদ্ধে ঐক্য গড়ে তুলতে সকলের প্রতি আহ্বান জানান।

ঝিনাইদহের দেশীয় অস্ত্রসহ আটক ৪

ঝিনাইদহ সদর উপজেলার ফুরসন্ধি ইউনিয়নের মাড়ন্দি গ্রামে আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষ চলাকালে দেশীয় অস্ত্র রামদা, ঢাল, চাইনিজ কুড়াল, শড়কি সহ ৪ জনকে আটক করেছে সদর থানা পুলিশ। এসময় সিদ্দিক মোল্যা ও মধু মোল্লার সমর্থকদের মধ্যে সংঘর্ষ হয়।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান

জানান, আধিপত্য বিস্তার নিয়ে সদর উপজেলার মাড়ন্দি গ্রামে সংঘর্ষের সৃষ্টি হয়।

সেসময় এস আই অমিত কুমার দাস, এস আই ইকবাল কবির, এস আই ফজলুর রহমান ও এ এস আই সেলিম হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে দুই গ্রুপের সমর্থক মধু মোল্ল্যা, সরোয়ার, শাহিন ও রিপনকে দেশীয় অস্ত্রসহ আটক করা হয়।

তিনি আরও জানান, এলাকায় কোন প্রকার বিশৃঙ্খলা ও অস্থিতিশীল সৃষ্টিকারীদের কোন প্রকার ছাড় দেওয়া হবে না। অপরাধী যেই হোকনা কেন তাকে আইনের আওতায় আনা হবে।

মানুষের পাশে থাকতে চান কাউন্সিলর প্রার্থী সুব্রত কুমার

মানুষের পাশে থেকে মানুষকে সেবা করতে চান আসন্ন পৌরসভা নির্বাচনে সম্ভব্য কাউন্সিলর প্রার্থী সাংবাদিক সুব্রত কুমার। এ কারনে এলাকাবাসীর আশীর্বাদ ও সমর্থন নিয়ে কোটচাঁদপুর পৌর সভার ৪ নম্বর ওয়ার্ড থেকে ভোট যুদ্ধে লড়তে চান তিনি। দীর্ঘ দিনের পুরাতন কোটচাঁদপুর পৌরসভায় ৯ টি ওয়ার্ড রয়েছে। অধিক মানুষের বসবাস এ ওয়ার্ডটি সব থেকে অবহেলিত।

তবে বেশির ভাগ মানুষই দারিদ্র সীমার মাঝে জীবন- যাপন করেন। এ কারনে এ ওয়ার্ডের উন্নয়ন হয়নি তেমন। রাস্তা ঘাট কিছুটা সচল হলেও ড্রেনেজ ব্যবস্থার রয়েছে যথেষ্ট নাজুক। সামান্য বৃষ্টির পানি হলেই সড়ক,সহ এলাকার মানুষের বাড়ির উঠান পর্যন্ত ডুবে যাই। রোড লাইনের আলো নিয়ে সারা বছর চলে হাহাকার। সু-পেয় পানির রয়েছে অভাব। ওয়ার্ডের অধিকাংশ জায়গায় পৌছায়নি আজও পানির লাইন।

এ ওয়ার্ডটির অধিকাংশ মানুষ দারিদ্র হওয়ায় রয়েছে সরকারি সুযোগ-সুবিধার ব্যাপক চাহিদা। বিগত দিনে এ ওয়ার্ড থেকে যারা নির্বাচিত

হয়েছেন তারা ◌্এলাকার উন্নয়নে কাজ করেছেন বেশ। তারপরও রয়ে গেছে অনেক কাজ। আর এ সব কাজ করার প্রত্যয় নিয়ে মানুষের পাশে থেকে মানুষের সেবা করতে চান এ প্রার্থী।

সুব্রত কুমার কোটচাঁদপুর সরকারি কে এম ডিগ্রী কলেজে লেখা পড়া করেছেন। ১৯৯৬ সাল থেকে তিনি সংবাদপত্র পেশার সঙ্গে জড়িত। তিনি সাংবাদিকদের সংগঠন কোটচাঁদপুর রিপোটার্স ক্লাবের সাধারন সম্পাদকের দায়িত্বে আছেন। এ ছাড়া তিনি সরকারি বালিকা বিদ্যালয়ের সহসভাপতি হিসেবেও দায়িত্ব পালন করছেন। তিনি ওয়ার্ডবাসীর আশীর্বাদ ও সমর্থন চেয়েছেন।

কোটচাঁদপুরে সুজনের আত্মহত্যা নয়, করা হয় হত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে স্ত্রীর সঙ্গে ঝগড়া করে সুজন হালদার (৩২) নামে এক লেবার শ্রমিক গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার জট খুলতে শুরু করেছে। আত্মহত্যা নয়! সুজনকে হত্যা করা হয়েছে এমন প্রমান মিলেছে ময়না তদন্ত রিপোর্টে। বিষয়টি নিশ্চিত করেছেন মামলার তদন্তকারী কর্মকর্তা পুলিশ পরিদর্শক আক্তারুজামান লিটন। সুজনের স্বজনদের অভিযোগ স্ত্রীর পরকীয়ার কারনে সুজনকে হত্যা করে গাছে ঝুলিয়ে রাখা হয়েছে।

গেল (২৪ নভেম্বর) শনিবার সকালে শহরের সলেমানপুর পালপাড়া এলাকার একটি বাগানের আম গাছ থেকে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। ঘটনাস্থল থেকে পুলিশ লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়। প্রাথমিকভাবে সুজন আত্মহত্যা করেছে বলে ধারণা করে কোটচাঁদপুর থানায় একটি (ইউ,ডি) অপমৃত্যুর মামলা হয়।

কিন্তু বিষয়টি মানতে না পেরে সুজনের মা শ্রীমতি নয়ন হালদার বাদী হয়ে আদালতে ৪ জনের নামে হত্যা মামলা দায়ের করেন। এদিকে গেল ১ ডিসেম্বর পুলিশের হাতে আসে ময়না তদন্ত রিপোর্ট। তদন্ত রিপোর্টে হত্যার প্রমান পায় পুলিশ। ওই দিনই হত্যা মামলা হয় থানায়। যার

নম্বর-২,তারিখ-১-১২-২০২০। আটক করা হয় মামলার দুই আসামী সুজনের স্ত্রী রুপা হালদার ও রুপার ভাই মহাদেব হালদারকে। এ দুই আসামী আটকের পর বাকিরা গা ঢাকা দিয়েছেন বলে জানা গেছে।

৮/৯বছর পূর্বে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ডুগডুগি গ্রামের বুদো হালদারের ছেলে সুজন হালদারের সঙ্গে কোটচাঁদপুর শহরের সলেমানপুর পাল পাড়ার মৃত অর্জুন এর মেয়ে রুপার বিবাহ হয়। বিয়ের পর থেকে সে কোটচাঁদপুরের সলেমানপুর শ্বশুরবাড়ি হালদার পাড়ায় থাকত। প্রতিবেশি, সুবল হালদার ও সুমিত্রা হালদার জানান, বিয়ের পর থেকে তাদের মধ্যে বেশি একটা মিল ছিল না। যে কোন বিষয় নিয়ে গোলযোগ হত। কি কারনে তাকে হত্যা করা হয়েছে জানতে চাইলে বলেন,আমরা জানি সুজন আত্মহত্যা করেছে।

নাম প্রকাশ না করা শর্তে এক প্রতিবেশি বলেন, রুপার পরকীয়া ছিল সুজনের মামাত ভাই অর্জুনের সঙ্গে। রুপা তাকে বিয়ে করতে ঘটনার ৭ দিন আগে ডির্ভোস করেন স্বামী সুজনকে। এ দিকে স্বজনদেরও অভিযোগ রুপার পরকীয়ায় জীবন দিতে হল সুজনকে।

এবিষয়ে মামলার তদন্ত কর্মকর্তা পুলিশ পরিদর্শক আক্তারুজামান লিটন জানান, ময়না তদন্তে সুজনকে গলা টিপে হত্যা করা হয়েছে বলে রিপোর্টে পাওয়া গেছে। ফলে হত্যা মামলা হয়েছে থানায়। এতোমধ্যে মামলার দুই আসামীকে আটকও করা হয়েছে।

কি কারনে হত্যা জানতে চাইলে তিনি বলেন, প্রাথমিক ভাবে প্রমাণ মিলেছে পারিবারিক কলহের। তবে পরকীয়া নিয়েও পারিবারিক কলহ হতে পারে। তদন্ত চলছে, শেষ হলে আরো বিস্তারিত জানা যাবে। সেই সাথে বাকি আসামীদের ধরতে অভিযান চলছে বলে জানায় পুলিশ।

বঙ্গন্ধুর ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে কোটচাঁদপুরে

বিক্ষোভ

কুষ্টিয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নব নির্মিত ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে এই বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চলের নেতৃত্বে বিক্ষোভ মিছিল টি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্বরে এক প্রতিবাদ সমাবেশ করে।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল, কৃষক লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাহাজান আলী প্রমুখ।

এ সময় উপজেলা আ.লীগ ও অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে যুবলীগের চেয়ারম্যানের জন্মদিন পালন

ঝিনাইদহে বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শেখ ফজলুল হক মনির ৮১তম জন্মদিন পালন করা হয়েছে। গতকাল রাতে সদর থানা যুবলীগের আয়োজনে দলটির জেলা কার্যালয়ে এ উপলক্ষে আলোচনার সভার আয়োজন করা হয়।

সদর থানার যুবলীগের আহ্বায়ক শাহ মোহাম্মদ ইব্রাহিম খলিল রাজা এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক রাজু আহম্মেদ, পৌর যুবলীগের যুগ্ম আহ্বায়ক আব্দুল্লাহ আল মামুন, যুবলীগ নেতা ইখতিয়ার উদ্দিন, আশরাফুল ইসলামসহ যুবলীগের

নেতাকর্মীরা। অনুষ্ঠানটি পরিচালনা করেন যুবলীগ নেতা নাজমুল হাসান মাহাদি।

আলোচনা সভা শেষে জন্মদিনের কেক কাটা হয়। এসময় বক্তারা, যুবলীগের নেতাকর্মীদের ত্যাগের মনোভাব নিয়েই বঙ্গবন্ধুর আদর্শ ও লক্ষ্যকে সামনে রেখে এগিয়ে যাওয়ার আহ্বান জানান।

হলিধানী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৪তলা ভবন ও বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন

ঝিনাইদহের হলিধানী ইউনিয়নের হলিধানী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৪তলা একাডেমী ভবন, বঙ্গবন্ধু ও মুক্তিযোদ্ধা কর্ণার উদ্বোধন উপলক্ষে ইউনিয়ন আওয়ামী লীগ ও যুবলীগের উদ্যোগে সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪টায় ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই সভা অনুষ্ঠিত হয়। হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি হাসেম মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ -২ আসনের সংসদ সদস্য তাহ্জীব আলম সিদ্দিকী সমি।

বিশেষ অতিথি হিসেবে ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, ২নং মধুহাটী ইউনিয়নের চেয়ারম্যান ফারুক আহম্মেদ জুয়েল, যুবলীগের যুগ্ম আহ্বায়ক রাজু আহমেদ, থানা যুবলীগের আহ্বায়ক ইব্রাহীম খলিল রাজা, যুগ্ম আহ্বায়ক হারুনুর রশিদ। ইউনিয়ন যুবলীগের আহ্বায়ক বজলুর রশীদ। ইউনিয়ন কৃষক লীগের সভাপতি আজিজুর রহমান আজিজ প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন বিজয়ের এই মাসে আমরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন পূরণে প্রধান মন্ত্রীর নিদের্শ মোতাবেক দেশকে উন্নত বিশ্বের দরবারে মাথাউচু করে দাঁড় করানোর জন্য

শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল অবকাঠামো উন্নয়নে কাজ করে যাচ্ছি।

তিনি আরও বলেন আপনারা আমার ভাই আপনার আমার পাশে খাকবেন। আলোচনা শেষে প্রধান অতিথি হলিধানী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৪তলা একাডেমী ভবন, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধা কর্ণার উদ্বোধন করেন।

কোটচাঁদপুরে মাস্ক ব্যবহারে ইউএনও’র অভিযান অব্যহত

করোনার দ্বিতীয় ঢেউ মোকাবিলায় মাস্ক ব্যবহার নিশ্চিত করতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা অব্যহত রেখেছে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন।

মাস্ক ব্যবাহার নিশ্চিত করতে প্রশাসনের পক্ষ থেকে জনসচেতনতার পাশা-পাশি বয়স্ক শিশুদের মাঝে মাস্ক বিতরণ করেন ইউএনও।

শনিবার সন্ধ্যায় উপজেলার তালশার, জালালপুর ও গুড়পাড়া বাজার এবং পৌর শহরের কলেজ বাসস্ট্যান্ড এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে মাস্ক ব্যবহার এবং স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরুত্ব বজায় না রাখার অপরাধে বিভিন্ন দোকানে ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন জানান, করোনার দ্বিতীয় ঢেউ মোকাবিলায় সামাজিক দূরুত্ব বজায় ও স্বাস্থ্যবিধি মেনে মাস্ক ব্যবহারের ওপর ব্যাপক জনসচেতনতা ও প্রচার চালানো হচ্ছে। মাস্ক ব্যবহার নিশ্চিত করতে এই অভিযান অব্যহত থাকবে।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম, সহকারী প্রোগ্রামার জিয়াউল ইসলাম, বেঞ্চ সহকারি সুব্রতসহ আনসার ও পুলিশের একটি টিম।